



রেজিস্ট্রারের কার্যালয়
পরিবহণ পুল
বরিশাল বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৫ জুলাই ২০২১

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের বিশেষ পরিবহণ সেবার আওতায় আগামী ১৬ জুলাই ২০২১ তারিখে রুট ১ ও রুট ৩ এবং ১৭ জুলাই ২০২১ তারিখে রুট ৪ এর জন্য নিবন্ধনকৃত শিক্ষার্থীদের পরিবহণের উদ্দেশ্যে নিম্নোক্ত রুট ও সময়সূচি অনুযায়ী বাস ছেড়ে যাবেঃ

১৬ জুলাই ২০২১ তারিখে বাস ছাড়ার রুট ও সময়সূচি

বাস ছাড়ার স্থান	বাস ছাড়ার সময়	গন্তব্য স্থান
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৮:০০ টা	সাতক্ষীরা
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৮:৩০ টা	খুলনা
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৯:০০ টা	ফরিদপুর, মাগুরা, বিনাইদহ ও চুয়াডাঙ্গা
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৯:৩০ টা	কুষ্টিয়া ও মেহেরপুর
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৯:৩০ টা	মোস্তফাপুর ও রাজবাড়ী
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ১০:০০ টা	গোপালগঞ্জ

১৭ জুলাই ২০২১ তারিখে বাস ছাড়ার রুট ও সময়সূচি


বাস ছাড়ার স্থান	বাস ছাড়ার সময়	গন্তব্য স্থান
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৮:০০ টা	ময়মনসিংহ
বরিশাল বিশ্ববিদ্যালয়	সকাল ৮:৩০ টা	ঢাকা

শিক্ষার্থীদের জন্য নির্দেশিকা :

- শিক্ষার্থীদেরকে অবশ্যই বাস ছাড়ার ৩০ মিনিট পূর্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উপস্থিত থাকতে হবে।
- গাড়িতে উঠার সময় শিক্ষার্থীদেরকে অবশ্যই বিশ্ববিদ্যালয় প্রদত্ত আইডি কার্ড প্রদর্শন করতে হবে। যে সকল শিক্ষার্থীর আইডি কার্ড নেই তাদের ক্ষেত্রে ভর্তির রশিদ/সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- গাড়িতে উঠার আগে শিক্ষার্থীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে নিতে হবে এবং কারো করোনা উপসর্গ থাকলে যাত্রা পরিহার করতে হবে।
- যাত্রাকালীন অবস্থায় নাক-মুখ ঢেকে রেখে মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন যাচাই করার সুবিধার্থে গাড়িতে উঠার সময় আবেদনের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- বড় লাগেজ/ব্যাগ পরিহার করতে হবে। বিশ্ববিদ্যালয়ের গাড়িতে মালামাল/লাগেজ পরিবহণের জন্য বক্স সুবিধা না থাকায় ব্যাগ সাথে রাখতে হবে।
- চালকের মনোযোগ নষ্ট হতে পারে এমন যে কোন কর্মকান্ড সম্পূর্ণ নিষিদ্ধ (গান বাজনা, নাচানাচি ইত্যাদি)।

সকলের সহযোগিতা কামনা করছি। আপনাদের যাত্রা শুভ হোক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

 ১৫/০৭/২০২১

মোঃ মেহেদী হাসান

ম্যানেজার

পরিবহণ পুল

বরিশাল বিশ্ববিদ্যালয়।